

এসএসসি: পুনঃনিরীক্ষণে পরিবর্তন হলো ঢাকা বোর্ডের ২৭২৩ জনের ফল

নিজস্ব বার্তা পরিবেশক

: মঙ্গলবার, ১১ জুন ২০২৪



২০২৪ সালের এসএসসি ও সমমান পরীক্ষার পুনঃনিরীক্ষণের ফল প্রকাশ করা হয়েছে। এতে ঢাকা বোর্ডে ২ হাজার ৭২৩ জনের ফল পরিবর্তন হয়েছে।

শিক্ষাবোর্ডগুলোর ওয়েবসাইট ও মোবাইলে এসএমএসের মাধ্যমে শিক্ষার্থীরা ফলাফল জানতে পারছেন।

পুনঃনিরীক্ষণের ফলাফল অনুযায়ী, ঢাকা শিক্ষা বোর্ডে ফল চ্যালেঞ্জ করে এই বোর্ডে আরও ৩৪৪ জন শিক্ষার্থী নতুন করে জিপিএ-৫ পেয়েছেন। এছাড়া ফেল করা ১২৭ জন শিক্ষার্থী পাস করেছেন।

ঢাকা শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে প্রকাশিত পুনঃনিরীক্ষণের ফলে দেখা যায়, ৭০ হাজার ১২৯ জন শিক্ষার্থী মোট ১ লাখ ৭৯ হাজার ১৪৮টি পত্রের ফল পুনঃনিরীক্ষণের জন্য আবেদন করেছিলেন। এর মধ্যে ২ হাজার ৭২৩ জনের ফল পরিবর্তন হয়েছে।